গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
প্রশাসন শাখা-১ (অর্থ ও হিসাব)
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে-ই-বাংলানগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০১০.১৮.০১০.২১ (পার্ট-০১)- ৩০৫ তারিখঃ ২৯/০৮/২০২১ খ্রি.

বিষয় ঃ চিকিৎসা সাহায্যের আবেদন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন ভোলা পলিটেকনিক ইনস্টিটিউটের জুনিয়র ইন্সট্রাক্টর (ইলেক্ট্রনিক্স) দুরারোগ্য লিভার ক্যান্সারে আক্রান্ত হয়ে ঢাকার বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে চিকিৎসাধীন আছেন। চিকিৎসকের ভাষ্যমতে তার চিকিৎসা বাংলাদেশে সম্ভব নয় বিধায় উন্নত চিকিৎসার জন্য ভারতের ব্যাঙ্গালোরে চিকিৎসা করা প্রয়োজন। তার সু-চিকিৎসার জন্য প্রচুর অর্থ প্রয়োজন যা তার পরিবারের পক্ষে বহন করা কষ্ট সাধ্য। ভারতে চিকিৎসা বাবদ তার প্রায় ২০,০০,০০০/- (বিশ লক্ষ) টাকা প্রয়োজন। সে মর্মে তার চিকিৎসার জন্য সাহায্য চেয়ে অধ্যক্ষ, ভোলা পলিটেকনিক ইনস্টিটিউট একটি আবেদন করেছেন (কপি সংযুক্ত)।

০২। এমতাবস্থায়, মানবিক দিক বিবেচনায় অসুস্থ শিক্ষকের সু-চিকিৎসার স্বার্থে প্রতিটি ইঞ্জিনিয়ারিং কলেজ/টিটিটিসি/ভিটিটিআই/পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট এবং টেকনিক্যাল স্কুল এন্ড কলেজকে যথাসাধ্য আর্থিক সহযোগিতা সংগ্রহপূর্বক তা আবেদনকারীর নিম্নবর্ণিত হিসাব এ প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ০২ পাতা।

০১। হিসাবের শিরোনামঃ আবদুর রহমান শামীম
সোনালী ব্যাংক লি. হিসাব নম্বর ০৪০২৮০১০০৭৭০৫
বোরহানউদ্দিন শাখা, ভোলা
০২। বিকাশ একাউন্ট নম্বর ০১৭৭৯৮৬০৬০৩ (পারসোনাল)
০৩। নগদ একাউন্ট নম্বর ০১৭৭৯৮৬০৬০৩ (পারসোনাল)।

স্বাক্ষরিত/-
(মনজুরুল কাদের)
যুগ্মসচিব
ও
পরিচালক (প্রশাসন)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

প্রাপক,
১। পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয় (সকল)।
২। অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, ঢাকা।
৩। অধ্যক্ষ, ইঞ্জিনিয়ারিং কলেজ (সিলেট, ময়মনসিংহ, ফরিদপুর, বরিশাল)।
৪। অধ্যক্ষ, ভিটিটিআই, বগুড়া।
৫। অধ্যক্ষ, পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট (সকল)।
৬। অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল ও কলেজ (সকল)।
৭। ইকুপমেন্ট অফিসার, সেন্ট্রাল স্টোর নারায়নগঞ্জ।
৮। প্রশাসনিক কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০১০.১৮.০১০.২১ (পার্ট-০১)- ৩০৫ তারিখঃ ২৯/০৮/২০২১ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি :
১। পরিচালক (প্রশাসন/পিআইডব্লিউ/ভোকেশনাল/পরিকল্পনা ও উন্নয়ন/পিআইইউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। সহকারী পরিচালক (শাখা-১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০/১১), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর (পত্রটি ওয়েবসাইটে প্রকাশ ও সংশ্লিষ্টদের ইমেইলে প্রেরণের অনুরোধসহ)।
৫। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। সংশ্লিষ্ট নথি।

(মোঃ জহুরুল ইসলাম)
সহকারী পরিচালক-০১

D:\M.A.Momen, Steno Ty. Cum Com. Ope/Office order

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ভোলা পলিটেকনিক ইন্সটিটিউট
বোরহানউদ্দিন, ভোলা।
ফোন ঃ ০৪৯২২৫৬৩৭৫
ই-মেইল ঃ bhpi_2005@yahoo.com

বিষয়ঃ মানবিক সাহায্যের আবেদন।

উপরোক্ত বিষয়ের আলোকে আপনাকে জানানো যাচ্ছে যে, অত্র প্রতিষ্ঠানের জুনিঃ ইন্সট্রাক্টর জনাব আবদুর রহমান শামীম (বয়সঃ ২৯ বছর) দুরারোগ্য লিভার ক্যান্সারে আক্রান্ত হয়ে বঙ্গ বন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে চিকিৎসাধীন আছেন। চিকিৎসকগণের ভাষ্য মতে উনার চিকিৎসা বাংলাদেশে সম্ভব নয় তাই উনাকে ভারতের ব্যাঙ্গালোর চিকিৎসার জন্য নিতে বলেছেন। সেখানে উনার চিকিৎসা বাবদ প্রায় ১৮ থেকে ২০ লক্ষ ভারতীয় রুপি খরচ হতে পারে, যা উনার বা উনার পরিবারের একার পক্ষে বহন করা সম্ভব নয়।

এমতাবস্থায়, একটি মানবিক আবেদন (কপি সংযুক্ত) আপনার বরাবর প্রেরণ করা হলো। আবেদন পত্রটি সকল কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

২৮/০৮/২০২২
(প্রকৌঃ মোঃ তাজুল ইসলাম)
অধ্যক্ষ(ভারপ্রাপ্ত)
ভোলা পলিটেকনিক ইন্সটিটিউট
বোরহানউদ্দিন, ভোলা।

বরাবর,
মহাপরিচালক,
কারিগরি শিক্ষা অধিদপ্তর,
শেরে বাংলা নগর, আগারগাঁও,
ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ভোলা পলিটেকনিক ইন্সটিটিউট
বোরহানউদ্দিন, ভোলা।
ফোন ঃ ০৪৯২২৫৬৩৭৫
ই-মেইল ঃ bhpi_2005@yahoo.com

একটি মানবিক সাহায্যের আবেদন

ভোলা পলিটেকনিক ইন্সটিটিউটের ইলেকট্রনিক্স টেকনোলজির জুনিয়র ইন্সট্রাক্টর জনাব আবদুর রহমান শামীম (বয়সঃ ২৯ বছর) দুরারোগ্য লিভার ক্যান্সারে আক্রান্ত হয়ে ঢাকার বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে (সাবেক পিজি হাসপাতালে) চিকিৎসাধীন আছেন।

হাসপাতালের চিকিৎসকদের ভাষ্যমতে উনি জন্ডিসে আক্রান্ত হয়েছেন এবং উনার লিভারে টিউমার ধরা পড়েছে, যা বর্তমানে ক্যান্সারের থার্ড স্টেজে রুপ নিয়েছে, যার চিকিৎসা বাংলাদেশে সম্ভব নয়। তাই উনাকে অতি দ্রুত ভারতের ব্যাঙ্গালোর নেয়ার পরামর্শ দিয়েছেন। সেখানে চিকিৎসা বাবদ প্রায় ১৮ থেকে ২০ লক্ষ ভারতীয় রুপি খরচ হতে পারে বলে সেখানকার চিকিৎসক জানিয়েছেন, যা উনার কিংবা উনার পরিবারের একার পক্ষে বহন করা সম্ভব নয়।

এমতাবস্থায়, আমি আপনাদের সকলের নিকট আকুল আবেদন জানাচ্ছি, আপনারা আমাদের প্রিয় শিক্ষককে বাঁচাতে(আল্লাহ যদি চান) এগিয়ে আসুন।

আমরা জানি, দশের লাঠি একের বোঝা, আপনার, আমার কিংবা আপনার প্রতিষ্ঠানের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীদের সামান্য সহযোগিতায় বেঁচে যেতে পারে (আল্লাহ চাইলে) একটি প্রাণ।

বর্তমানে ঔষধ, টেস্ট ও কেবিন ভাড়া বাবদ প্রতিদিন অনেক টাকা খরচ হচ্ছে। আপনাদের সামান্য সহযোগিতাও উনার চিকিৎসার ব্যয় বহনে অনেক উপকারে আসবে।

"মানুষ মানুষের জন্য, জীবন জীবনের জন্য" শ্লোগানকে অন্তরে ধারণ করে ২৯ বছর বয়সী একটি জীবনকে বাঁচাতে (আল্লাহ যদি চান) এগিয়ে আসি।

১৮/০৮/২০২২

(প্রকৌঃ মোঃ তাজুল ইসলাম)
অধ্যক্ষ(ভারপ্রাপ্ত)
ভোলা পলিটেকনিক ইন্সটিটিউট
বোরহানউদ্দিন, ভোলা।

সাহায্যের ঠিকানাঃ

হিসাবের শিরোনামঃ আবদুর রহমান শামীম

হিসাব নম্বরঃ ০৪০২৮০১০০৭৭০৫

সোনালী ব্যাংক লিঃ, বোরহানউদ্দিন, ভোলা।

বিকাশ একাউন্ট নম্বরঃ ০১৭৭৯৮৬০৬০৩(পারসোনাল)

নগদ একাউন্ট নম্বরঃ ০১৭৭৯৮৬০৬০৩(পারসোনাল)